মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পথসভা

মেহেরপুরে সংসদ নির্বাচনকে সামনে রেখে ফতেপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পথসভা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

আজ শনিবার বিকেলে মেহেরপুর বুড়িপোতা ইউনিয়নের ১নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে এই পথসভা এবং আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহিন, মেহেরপুর সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বুড়িপোতা ইউনিয় পরিষদের চেয়ারম্যান মোঃ শাহজামান, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, মেহেরপুর জেলার ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মোঃ মিলন আহমেদ সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

৬৮ হাজার গ্রাম বাঁচলে বাংলাদেশ বাঁচতে এই প্রতিপাদ্য সামনে রেখে মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভার আয়োজন করা হয়।

আজ শনিবার রাতে কাথুলি বাসস্ট্যান্ড সংলগ্ন জাতীয় পার্টি অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক কমিশনার ও

জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য মোঃ মোসলেম আলী।

প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা মোঃ মামলত হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা নজরুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা সোহরাব হোসেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির সদস্য লাল চাঁদ মিয়া, ওহাব মিয়া, লুৎফর রহমান সহ বিভিন্ন নেতা কর্মীবৃন্দ।

সাবেক কমিশনার ও জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য মোঃ মোসলেম আলী তিনি মেহেরপুর প্রতিদিন কে জানান যে তৃণমূল নেতাকর্মীরা এমপি প্রার্থী হিসেবে তার নাম কেন্দ্রে প্রস্তাব করেছে।

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধ, একই পরিবারের তিনজনকে পিটিয়ে আহত

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে একই পরিবারের নারীসহ ৩ ব্যক্তিকে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

আহতরা হলেন, গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজ পাড়ার বাসিন্দা জিয়া
(৪৫) তার স্ত্রী মাহিনুর খাতুন (৩৮) ও ছেলে বায়োজিদ হোসেন (১৭)।

মাহিনুর খাতুন ও তার ছেলে বায়োজিদ হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছে জিয়া।

জানা গেছে, ৪৬ শতক জমি নিয়ে জিয়া ও শিশিরপাড়া গ্রামের মুন্নাফ

হোসেনের মধ্যে দীর্ঘদিন যাবৎ হাইকোর্টে মামলা চলছে। জমিটি দখল নিতে মুন্নাফ ও সুরাত আলীর নেতৃত্বে তাদের লোকজন গত শুক্রবার সকালের দিকে তাদের বাড়িতে হামলা চালিয়ে মারপিট করে।

এঘটনায় গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে বলে জানান ভ’ক্তভোগী জিয়া।

মেহেরপুর জেলা যুবদলের প্রস্তুতি সভা

আগামী ২৬শে সেপ্টেম্বর খুলনা বিভাগীয় তারুণ্যের রোড মার্চ সফল করার লক্ষে মেহেরপুর জেলা যুবদলের প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

শনিবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির বড় বাজার কার্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলুর সভাপতিত্বে মেহেরপুর জেলা যুবদলের প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, জেলা যুবদলের সদস্য খাইরুল ইসলাম, সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান বিট্টু, সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান বিপলু, যুবদল নেতা নজরুল ইসলাম, যুবনেতা সাইদুল ইসলাম, যুবনেতা উজ্জ্বল, যুবনেতা শিমুল, যুবনেতা সফিকুল ইসলাম, যুবনেতা ফারদুল, যুবনেতা সোহাগ, বিল্লাল সহ বিভিন্ন নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত

গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

ত্রিবার্ষিক কাউন্সিলে রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্বাচিত হন নুর ইসলাম ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন সাগর আহম্মেদ।

শনিবার বিকালে গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এই ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের গাংনী উপজেলা শাখার আহবায়ক তোহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রিবার্ষিক কাউন্সিলে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

সম্মেলনের উদ্বোধক ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলামক বকুল। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গল, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মকলেছ, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবর, গাংনী পৌর স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক রুবেল হোসেন, সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু প্রমুখ।

গাংনীতে বাইসাইকেল চোরকে গণপিটুনি দিয়ে পুলিশে দিলেন জনতা

বাইসাইকেল চুরি করে পালানোর সময় মিঠুন শেখ (২৪) নামের এক যুবককে ধরে গণধোলাই শেষে পুলিশে দিয়েছেন স্থানীয়রা। মিঠুন শেখ মেহেরপুর সদর উপজেলার খোকশা গ্রামের কিতাই আলী শেখের ছেলে।

শনিবার (২৩ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের মাঠে থেকে জনৈক নার্সারি মালিক বকুল হোসেনের একটি বাইসাইকেল চুরি করে পালানোর সময় বাইসাইকেল মালিক তাকে ধরে ফেলেন। পরে স্থানীয়রা গণপিটুনী দিয়ে গাংনী থানা পুলিশকে খবর দেন। গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে এসে তাকে উদ্ধার করে থানায় নেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহিন মিয়া জানান, চুরির অভিযোগে মিঠুন শেখের বিরুদ্ধে মামলা হয়েছে। শনিবার দুপুরের দিকে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় প্রতিবন্ধী নিহত

গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় আশাদুল হক (৪০) নামের এক প্রতিবন্ধী নিহত হয়েছেন। আজ শনিবার (২৩ সেপ্টেম্বর) সকাল ৮টার দিকে গাংনী উপজেলার নিশিপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীর ভাষ্য, সকাল দুপুরের দিকে আসাদুল হক বাড়ি থেকে বের হয়ে সড়ক পার হচ্ছিল। এ সময় একটি দ্রুতগতির মোটরসাইকেল তাঁকে ধাক্কা দিলে তিনি মারাত্মক আহত হন। রক্তাক্ত অবস্থায় তাঁকে উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি ক্লিনিকে এবং পরে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে

চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

স্থানীয় বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) শরিফুল ইসলাম জানান, গাংনী উপজেলার নিশিপুর গ্রামের বাক ও শারীরিক প্রতিবন্ধী আসাদুল হক মোটরসাইকেলের ধাক্কায় নিহত হন। খবর পেয়ে ঘটনাস্থল থেকে দুর্ঘটনাকবলিত মোটরসাইকেলটি জব্দ করা হয়েছে।

পুলিশের এ কর্মকর্তা বলেন, নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর হাসপাতালে ডেঙ্গু পরিক্ষার জন্য কীট ও ডাস্টবিন প্রদান

মেহেরপুর পৌরসভার উদ্যোগে জেনারেল হাসপাতালে ডেঙ্গু পরিক্ষার জন্য কীট ও ময়লা আবর্জনা রাখার জন্য ডাস্টবিন প্রদান, ডেঙ্গু নিধনে ফগার স্প্রে, ডেঙ্গু রোগীদের মাঝে ফল বিতরণ করা হয়েছে।

আজ শনিবার দুপুরের দিকে হাসপাতাল চত্বরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন হাসপাতালের কতৃপক্ষে কাছে কীট তুলে দেন।

এসময় হাসপাতালে তত্ত্বাবধায়ক ডাক্তার জমির মোঃ হাসিবুস সাত্তার, পোর প্যানেল শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আবদুল্লাহ আল মামুন, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান সহ পৌরসভার কর্মকর্তাগন ও সাংদিককেরা উপস্থিত ছিলেন।

এসময় পৌর মেয়র রিটন বলেন, মেহেরপুর পৌরসভার তহবিল থেকে হাসপাতালে ডেঙ্গু পরিক্ষার জন্য কীট ও ময়লা আবর্জনা রাখার জন্য ৮ টি ডাস্টবিন প্রদান, ডেঙ্গু নিধনে ফগার স্প্রে করা হয়েছে। এতে যেন নতুন করে কোন ডেঙ্গু আক্রান্ত না হয় এবং পৌরসভার পক্ষ থেকে সার্বিক সহযোগিতা থাকবে হাসপাতালে ।

[redacted]

[redacted]

এসআই সনোয়ার হোসেন বলেন, বিরোধীয় তফশিলভূক্ত সম্পত্তিতে শান্তিক শৃংখলা বজায় রাখতে নোটিশ জারি করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৪

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ ও সিআর মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

শুক্রবার দিবাগত রাতে পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

এছাড়া মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ২ আসামি গ্রেফতার হয়েছেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

আজ শনিবার বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।